

নূতন পাঠক্রম

২০১৯

ত্রিস্তরীয়

বাংলা

(সাম্মানিক)

সপ্তম পত্র

পূর্ণমান : ৯০

সময় : ৪ ঘন্টা

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রস্তুত নির্দেশক।

পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দেওয়া প্রয়োজন।

বিভাগ—ক

১। যেকোনো চারটি প্রশ্নের উত্তর দাও :

৪ × ১২

- (ক) 'সাহিত্যের তাৎপর্য' — প্রবন্ধ অবলম্বনে সাহিত্যতত্ত্ব সম্পর্কে রবীন্দ্রনাথের সুচিন্তিত মত নিজের ভাষায় ব্যক্ত করো।
- (খ) ধ্বনির সংজ্ঞা ও শ্রেণিবিচার করো। কোন ধ্বনি শ্রেষ্ঠ ও কেন আলোচনা করো।

- (গ) 'দৃষ্টি ও সৃষ্টি' প্রবন্ধে প্রাবন্ধিক অবনীন্দ্রনাথ ঠাকুরের মূল বক্তব্য নিজের ভাষায় লেখো।
- (ঘ) অবনীন্দ্রনাথ ঠাকুরের 'সৌন্দর্যের সন্ধান' প্রবন্ধের আলোকে সৌন্দর্য সম্পর্কিত শৈল্পিক অনুভূতির পরিচয় দাও।
- (ঙ) আধুনিক সাহিত্য আন্দোলনে সুররিয়ালিজম-এর উদ্ভবের প্রেক্ষাপট ও তাত্ত্বিক দিকগুলির পরিচয় দাও। বাংলা সাহিত্যে এই মতবাদের প্রয়োগ কীভাবে ঘটেছে যেকোনো একটি দৃষ্টান্ত দিয়ে বুঝিয়ে দাও। ৮+৪
- (চ) 'রীতিরাত্না কাব্যস্য'—কাব্যত্বা সম্পর্কিত বিচার ও বিশ্লেষণে আচার্য বামন-এর এই মতটির গ্রহণযোগ্যতা ও সীমাবদ্ধতা বিষয়ে যুক্তিপূর্ণ আলোচনা করো।

### বিভাগ—খ

- ২। যেকোনো তিনটি প্রশ্নের উত্তর দাও : ৩×৪
- (ক) 'জগতের উপরে মনের কারখানা বসিয়াছে এবং মনের উপরে বিশ্বমনের কারখানা—সেই উপরের তলা হইতে সাহিত্যের উৎপত্তি।'—উক্তিটি কোন্ প্রবন্ধের অন্তর্গত ? এর অর্থ ব্যাখ্যা করো। ১+৩

- (খ) 'সৌন্দর্যমূর্তিই মঙ্গলের পূর্ণমূর্তি এবং মঙ্গলমূর্তিই সৌন্দর্যের পূর্ণস্বরূপ।'  
—কোন রচনায় কার এই উক্তি ? মন্তব্যটির নিহিত তাৎপর্য সংক্ষেপে  
লেখো। ১+৩
- (গ) 'কাব্যং গ্রাহ্যম অলংকারাৎ'—একথা কে বলেছেন? একটি দৃষ্টান্ত দিয়ে  
মন্তব্যটির পক্ষে যুক্তিসহ সংক্ষিপ্ত আলোচনা করো। ১+৩
- (ঘ) 'নাট্যশাস্ত্র' গ্রন্থে আচার্য ভরত ক'টি রসের কথা বলেছেন? স্থায়ীভাবসহ  
সেগুলির নাম লেখো। ১+৩
- (ঙ) 'সাইকোঅ্যানালিসিস'—এর দু-জন তাত্ত্বিকের নাম লেখো। সাহিত্য  
আন্দোলনে এই তত্ত্বটির মূল অভিমুখগুলির সংক্ষিপ্ত পরিচয় দাও।  
১+৩
- (চ) অবনীন্দ্রনাথ ঠাকুরের 'শিল্প ও ভাষা' প্রবন্ধের আলোকে শিল্প ও ভাষার  
পারস্পরিক সম্পর্ক নির্ণয় করো। ৮

### বিভাগ—গ

৩। প্রবন্ধ লেখো (যেকোনো একটি) : ১×৩০

(ক) অন্ত্য-মধ্যযুগের বাংলা সাহিত্যে সমাজচিত্র।

(খ) বাংলার সমাজ ও সাহিত্যে চৈতন্যদেবের প্রভাব।

- (গ) বাংলা প্রহসনের গতিপ্রকৃতি।
- (ঘ) জন্মশতবর্ষে কবি সুভাষ মুখোপাধ্যায়।
- (ঙ) বাংলা গোয়েন্দা উপন্যাস।
- (চ) লিট্‌ল ম্যাগাজিন ও বাংলা সাহিত্যচর্চা।
- (ছ) বাংলা প্রবন্ধে সামাজিক সমস্যা।
-